

বিজ্ঞপ্তি : ৬০২

স্বাস্থ্যসেবা



নিয়োগ বিজ্ঞপ্তি

এসকেএস ফাউন্ডেশন জাতীয় পর্যায়ে একটি স্বীকৃত বেসরকারী উন্নয়নমূলক সংস্থা যা, ১৯৮৭ সাল থেকে দরিদ্র জনগোষ্ঠীর জীবনবাহার মান উন্নয়নের লক্ষ্যে কার্যক্রম বাস্তবায়ন করে আসছে। সংস্থাটি মাইক্রোক্রেডিট রেশনেটরী অথরিটি (এমআরএ) সনদ সহ (এমআরএ-০১৬২১-০০৫৩৪-০০০৪৫) একাধিক প্রতিষ্ঠান কর্তৃক সনদ প্রাপ্ত। উক্ত সংস্থায় কুষ্টিয়া, মেহেরপুর, গাজীপুর, টাঙ্গাইল, ঢাকা, সিরাজগঞ্জ, রাজশাহী, পঞ্চগড়, লালমনিরহাট, চট্টগ্রাম ও কক্সবাজার জেলায় ঋণ কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে নিম্নে উল্লিখিত পদে কর্মী নিয়োগের জন্য যোগ্য প্রার্থীদেরকে নিম্নস্বাক্ষরকারী বরাবর লিখিত আবেদনপত্রের সঙ্গে পূর্ণ জীবন বৃত্তান্ত (ইমেইল ও মোবাইল নম্বর উল্লেখসহ), ০২ কপি পাসপোর্ট সাইজ হারিন ছবি, নাগরিকত্ব সনদ, জাতীয় পরিচয় পত্র, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের ফটোকপি আগামী ২০ জুলাই ২০২৩ ইং তারিখ অফিস সময়ের মধ্যে এসকেএস ফাউন্ডেশন, কলেজ রোড, উত্তর হরিণ সিংহা, গাইবান্ধা- ৫৭০০ ঠিকানায় ডাক/কুরিয়ার/সরাসরি প্রেরণের আহবান করা যাচ্ছে। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদেরকে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকা হবে। নারী প্রার্থীদের অধিকাংশ দেয়া হবে।

শুক্রবার

১৪ জুলাই ২০২৩

৩০ আষাঢ় ১৪৩০, ২৫ জিলহজ ১৪৪৪

চাকরি-বাকরি, প্র অন্য আলো,

প্র গোলাছুটসহ মোট ২০ পৃষ্ঠা। দাম ৮১২

১. জোনাল ম্যানেজার- (০২ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। পিকেএসএফ এর অর্থায়নে পরিচালিত শহর/নগর এলাকার এনজিওতে একসাথে কমপক্ষে ২০ টি ব্রাঞ্চ পরিচালনার ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪০ বছর। বেতন-ভাতা: স্থায়ী কর্মী হিসেবে দক্ষতা ও যোগ্যতার ভিত্তিতে মাসিক বেতন-ভাতা হবে ৬১,২০০/-। এছাড়াও স্থানীয় তাসাহ নীতিমালা অনুযায়ী অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।

২. এরিয়া ম্যানেজার- (০৫ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে একসাথে ০৫ টি ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৫ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪০ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩৭,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৪২,১০০/-, মোবাইল ভাতা ৩,০০০/-, স্থানীয় ভাতা ৩,৫০০/-, দুরত্ব ভাতা ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

৩. ব্রাঞ্চ ম্যানেজার- (১০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে ব্রাঞ্চ পরিচালনায় কমপক্ষে ৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে এবং রিপোর্টিং এ দক্ষ হতে হবে। মোটর সাইকেল চালনায় সক্ষম ও বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৪০ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ৩২,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ৩৫,৫৬৩/-, মোবাইল ভাতা ৩,০০০/-, স্থানীয় ভাতা ৩,০০০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

৪. ফিল্ড অফিসার- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ২০,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৫,১৩০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

৫. ফিল্ড এ্যাসিস্ট্যান্ট- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: কমপক্ষে স্নাতক ডিগ্রিধারী। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কমপক্ষে ২ বছর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: শিক্ষানবিশকালে (৪ মাস) মাসিক সর্বসাকুল্যে ১৮,০০০/- এবং শিক্ষানবিশকাল শেষে স্থায়ী হলে মাসিক বেতন-ভাতা হবে ২৩,৯৮০/-, দুরত্ব ভাতা, আবাসন ভাতা (প্রযোজ্য ক্ষেত্রে) ও লক্ষ্যমাত্রা অর্জনের ভিত্তিতে নির্ধারিত হারে ক্রেডিট ভাতা প্রাপ্য হবেন।

৬. ট্রেনিং ফিল্ড অফিসার- (১০০ জন): শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা: যে কোন বিষয়ে মাস্টার্স। এনজিও/আর্থিক প্রতিষ্ঠানে ঋণ কার্যক্রমে মাঠ পর্যায়ে কাজ করার মানসিকতা থাকতে হবে। মোটরসাইকেল চালনায় দক্ষতা থাকতে হবে। বয়স-অনুর্ধ্ব ৩৫ বছর। বেতন-ভাতা: প্রশিক্ষণকালীন সময়ে মাসিক সম্মানী হবে সর্বসাকুল্যে ১০,০০০/-। সন্তোষজনক ভাবে দুই (২) মাস প্রশিক্ষণকাল সমাপ্ত করার পর সংস্থার নিয়ম অনুযায়ী বেতন ভাতাসহ অন্যান্য সুবিধাদি প্রদান করা হবে।

এছাড়াও সাপ্তাহিক ২ দিন ছুটি, পি.এফ, গ্রাহিয়টি, চিকিৎসা সেবা সহায়তা, বৈশাখী ভাতা, উৎসব ভাতা এবং ব্যয়বহুল স্থান ও চরে অবস্থিত ব্রাঞ্চে কাজের জন্য বিশেষ যাতায়াত ভাতা সুবিধা প্রদান করা হবে। উল্লেখ্য যে, ১ নং পদ ব্যতিত সকল পদে উত্তীর্ণ প্রার্থীদের যোগদানের সময় নীতিমালা অনুযায়ী জামানত (ফেরতযোগ্য) প্রদান করতে হবে। বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে পেতে ভিজিট করুন: www.sks-bd.org

বি: দ্র: ফিল্ড অফিসার/ফিল্ড এ্যাসিস্ট্যান্ট পদের প্রার্থীদের ঢাকা, সিরাজগঞ্জ ও গাইবান্ধা জেলায় পরীক্ষা গ্রহণ করা হবে। খামের উপরে অবশ্যই পদের নাম ও যে জেলায় পরীক্ষা দিতে ইচ্ছুক তা উল্লেখ করতে হবে। সংশ্লিষ্ট শিক্ষাগত যোগ্যতা ও কাজের অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী ছাড়া অন্যান্যদের আবেদন গ্রহণযোগ্য হবে না। উক্ত নিয়োগের ক্ষেত্রে কোন প্রকার আর্থিক লেনদেন হতে বিরত থাকুন।

উপ-পরিচালক
মানব সম্পদ